৩

২

খ্রীষ্টিয় জীবন
কার্যক্রম

# মণ্ডলীর কার্যাবলী

ইন্টারন্যাশনাল করসপণ্ডেন্স ইনষ্টিটিউট

Bengali /
Bangladesh

# মণ্ডলীর কার্যাবলী

## What Churches Do


লেখক ঃ রবার্ট ও ইভেলীন বোল্টন

অনুবাদ ঃ স্টিফেন পি ঢালী

সম্পাদনায় ঃ সাইলাস এম· নাথ


---


ইণ্টারন্যাশনাল করসপণ্ডেন্স ইন্‌ষ্টিটিউট

পোষ্ট বক্স ৭০০, ঢাকা-২

বাংলাদেশ।

প্রকাশনায় ঃ
আই, সি, আই
৪০১/১ নিউ ইস্কাটন রোড,
পোষ্ট বক্স ৭০০
ঢাকা-২, বাংলাদেশ।

সর্বস্বত্ব সংরক্ষিত
ছাপা ১০০০ কপি
১৯৮৫ ইং

©1985 All Rights Reserved
International Correspondence Institute
Brussels, Belgium
D/1985/2145/188

মুদ্রণে ও সরবরাহে ঃ লিমকো প্রসেস
৬ বাংলাবাজার
ঢাকা-১

# সূচীপত্র

পাঠ　　　　　　　　　　　　　　　　পৃষ্ঠা

দুটিকথা... ... ... ... ...৫

পাঠ ১ ঃ মণ্ডলী ঈশ্বরের উপাসনা করে... ......১২
পাঠ ২ ঃ মণ্ডলী পবিত্র আত্মার বশে চলে.........৩৫
পাঠ ৩ ঃ মণ্ডলী ঈশ্বরের বাক্য প্রচার করে......৫৬
পাঠ ৪ ঃ মণ্ডলী সত্য শিক্ষা দেয়......... ... ৭৩
পাঠ ৫ ঃ মণ্ডলী বিশ্বাসীদের বাপ্তিস্ম দেয় ......৯৫
পাঠ ৬ ঃ মণ্ডলী প্রভুর মৃত্যু স্মরণ করে......১১৬
পাঠ ৭ ঃ মণ্ডলী সহভাগিতা দান করে......১৩৫
পাঠ ৮ ঃ মণ্ডলী উৎসব অনুষ্ঠান পালন করে...১৫৩
পাঠ ৯ ঃ মণ্ডলী বৃদ্ধি পায়......... ...... ...১৭৫
পাঠ ১০ ঃ মণ্ডলী মানুষের সেবা করে...... ...১৯৬

# দুটি কথা

মণ্ডলী কি ? লোকেরা গীর্জায় যায় কেন ? বাপ্তিস্ম নেওয়া, প্রভুর ভোজ গ্রহণ, শিশু উৎসর্গ ইত্যাদির প্রকৃত মানে কি ? অথবা আপনি হয়তো কাউকে জিজ্ঞাসা করতে শুনেছেন "আমার গীর্জায় যাওয়ার প্রয়োজন কি ? আমি কি প্রাকৃতিক যে কোন পরিবেশে অথবা বাড়ীতে বসে ঈশ্বরের উপাসনা করতে পারি না ?" আপনি কি উত্তর দিতেন ?

আপনি নিয়মিত গীর্জায় যান, কি মাঝে মাঝে যান; অথবা আপনি যদি কোন মণ্ডলীতে যোগ না দিয়েও থাকেন তবুও এই কোর্স পড়ে আপনি আনন্দ পাবেন। আমরা মেরী নামে এক নতুন বিশ্বাসী এবং তার ভাবী স্বামী তীমথিয়ের অভিজ্ঞতা থেকে শিক্ষা নেব। তীমথি মণ্ডলীর একজন সভ্য, মেরীর কারনেই হঠাৎ করে তীমথি আত্মিক বিষয় সম্বন্ধে আগ্রহী হয়ে ওঠে।

নিজে নিজে শেখার আধুনিক পদ্ধতি অনুসরণ করে আপনি সহজেই শিখতে পারবেন। মণ্ডলীতে কি কি কাজ করা হয় তা ভাল করে বুঝতে পারলে আপনি আরও উপযুক্তভাবে তাতে অংশ নিতে পারবেন। তখন আপনি যে কেবল আরও বেশী আশীর্বাদ অর্জন করবেন তা নয়, অধিকন্তু নিজেও অধিকতর আশীর্বাদের উৎস্য হবেন।

# পাঠ্য বই

"মণ্ডলী কি কি কাজ করে" একটা বিশেষ ধরনের ছোট পকেট বই। এটা আপনি সব সময় সঙ্গে রাখতে পারেন এবং যখনই কিছু সময় পান তখন খুলে পড়তে পারেন। তবে বইটা পড়বার জন্য প্রতিদিন একটা নির্দিষ্ট সময় ঠিক করে রাখতে চেষ্টা করবেন।

মনে রাখবেন যে প্রতিটি পাঠের শুরুতে ঐ পাঠের **লক্ষ্যগুলি** দেওয়া হয়েছে। একটা পাঠ পড়ে আপনি কি কি উপকার আশা করতে পারেন, **লক্ষ্য** বলতে তাই বোঝানো হয়েছে। একটা লক্ষ্য বলতে একটা গন্তব্যস্থল বা একটি উদ্দেশ্য বুঝায়। লক্ষ্যগুলি মনে রেখে পড়লে আপনি ভালভাবে শিখতে পারবেন।

প্রতিটি পাঠের প্রথম দুই পৃষ্ঠা অবশ্যই মনোযোগ দিয়ে পড়বেন। তা আপনার মনকে পরবর্তী বিষয়গুলির জন্য প্রস্তুত করে তুলবে। এর পর পাঠের ছোট ছোট অংশগুলো পড়ে যান এবং **আপনার করণীয়** অংশে দেওয়া নির্দেশ মত কাজ করুন। প্রশ্নগুলির উত্তর লেখবার জন্য বইয়ে যদি যথেষ্ট জায়গা না থাকে তবে আলাদা একটা নোট খাতায় সেগুলির উত্তর লিখুন যেন পরে আবার পড়বার সময় খুঁজে পেতে অসুবিধা না হয়। আপনি যদি দলগতভাবে এই কোর্সটি অধ্যয়ন করেন তবে দলীয় নেতার নির্দেশ মেনে চলুন।

## কিভাবে প্রশ্নের উত্তর দেবেন

এই বইয়ে বিভিন্ন ধরনের প্রশ্ন আছে। নীচে কয়েক ধরণের প্রশ্নের উদাহরণ ও তাদের উত্তর দেওয়ার প্রণালী দেখানো হয়েছে।

**বাছাই** প্রশ্নে আপনাকে কয়েকটা উত্তরের মধ্য থেকে সঠিক উত্তরটি বেছে বের করতে বলা হয়।

## বাছাই প্রশ্নের উদাহরণ

**১।** বাইবেলে মোট

ক) ১০০টি বই আছে।

খ) ৬৬টি বই আছে।

গ) ২৭টি বই আছে।

সঠিক উত্তর (খ) ৬৬টি বই আছে। আপনার বইয়ে (খ) এর পাশে টিক চিহ্ন দিন, যেমনটি নীচে দেখানো হয়েছে ঃ

**১।** বাইবেলে মোট

ক) ১০০টি বই আছে।

√খ) ৬৬টি বই আছে।

গ) ২৭টি বই আছে।

(কোন কোন বাছাই প্রশ্নে একটারও বেশী সঠিক উত্তর থাকতে পারে। সে ক্ষেত্রে প্রতিটি সঠিক উত্তরের পাশে আপনাকে টিক চিহ্ন দিতে হবে)।

**সত্য-মিথ্যা** প্রশ্নে আপনাকে কতগুলি উক্তির মধ্য থেকে সত্য উক্তিগুলি চিহ্নিত করতে বলা হয়।

## সত্য-মিথ্যা প্রশ্নের উদাহরণ

**২।** নীচের কোন্ কোন্ উক্তি **সত্য**?

ক বাইবেলে মোট ১২০টি বই আছে।

√খ বাইবেল আজকের বিশ্বাসীদের জন্য একটা বার্তা।

গ বাইবেলের সব লেখকরা হিব্রু ভাষায় লিখেছিলেন।

√ঘ পবিত্র আত্মা বাইবেলের লেখকদের অনুপ্রাণিত করেছিলেন।

খ ও ঘ উক্তি দুটি সত্য। তাই-উপরে যেমন দেখতে পাচ্ছেন সেই ভাবে খ ও ঘ এর পাশে টিক চিহ্ন দিতে হবে।

**মিল দেখানোর** প্রশ্নে আপনাকে মিলপূর্ণ বিষয়-গুলি, যেমন কোন লোকের সম্বন্ধে তার বর্ণনা অথবা বাইবেলের কোন বই কে লিখেছেন তা দেখাতে বলা হয়।

## মিল দেখানোর প্রশ্নের উদাহরণ

**৩।** বাম পাশের কোনটি ডান পাশের কোন নেতার কাজ বর্ণনা করে দেখান।

১ ক সীনয় পর্বতে ঈশ্বরের ব্যবস্থালাভ
করেছিলেন। ১) মোশি।
২ খ ইস্রায়েল সন্তানদের নিয়ে যর্দন
পার হয়েছিলেন। ২) যিহোশূয়।
২ গ যিরীহোর চারপাশে প্রদক্ষিণ
করেছিলেন।
১ ঘ ফরৌণের রাজ প্রাসাদে বাস
করেছিলেন।

ক ও ঘ এর উক্তি দুটি মোশির বিষয় বলে, এবং খ ও গ যিহোশূয়ের বিষয় বলে। তাই ক ও ঘ এর পাশে ১ লিখতে হবে ও খ ও গ এর পাশে ২ লিখতে হবে, যেমনটি উপরে দেখতে পাচ্ছেন।

## ছাত্র রিপোর্ট

আপনি যদি সার্টিফিকেট লাভের জন্য অধ্যয়ন করে থাকেন, তবে মণ্ডলী কি কি কাজ করে এই বইয়ের **ছাত্র-রিপোর্ট—প্রশ্নপত্র** ঃ নামে যে আলাদা পুস্তিকা পেয়েছেন ; ঐ পুস্তিকার দুটি ভাগ আছে। কখন কোন অংশ পূর্ণ করতে হবে তা আপনার পাঠ্য বইতেই বলে দেওয়া হয়েছে।

ছাত্র রিপোর্টের নির্দেশ মত প্রশ্নপত্র আই-সি-আই অফিসে পাঠিয়ে দিন। এই পাঠ্য বইয়ের দ্বিতীয় পৃষ্ঠায় অথবা ছাত্র রিপোর্টের পেছনে আই-সি-আই অফিসের

ঠিকানা দেওয়া আছে। প্রশ্নপত্র পাঠিয়ে দিলে পর আপনি সুন্দর একটা সার্টিফিকেট লাভ করবেন।

## বইটির লেখকগণ

বইটির লেখক রবার্ট ও ইভেলিন বোলটন উভয়েই মিশনারী পটভূমিতে বড় হয়েছেন।

অ্যাডা ও লিওনার্ড বোলটনের ছেলে রবার্টের জন্ম হয় চীন দেশের মূল ভূখণ্ডে। বোল্টন পরিবার ৩৭ বছরেরও বেশী সময় ধরে চীন ও আশে পাশের দেশ গুলিতে প্রভুর পরিচর্যা ও মণ্ডলী স্থাপন করেছেন। ইভেলিন হলেন লিডিয়া ও ফ্রেডরিক ব্রুকের কন্যা। মিষ্টার ব্রুক হচ্ছেন আফ্রিকান নেতাদের প্রশিক্ষণের একটি প্রধান করসপণ্ডেন্স স্কুল "অল আফ্রিকা স্কুল অব থিওলজীর" প্রতিষ্ঠাতা।

রবার্ট ও ইভেলিন বোল্টন স্প্রীং ফিল্ডের (মিশৌরী. আমেরিকা) সেন্ট্রাল বাইবেল কলেজে পড়াশুনা করেছেন। রবার্ট ক্যালিফোনিয়ার প্যাসাডেনায় অবস্থিত ফুলার থিওলজীকাল সেমিনারীর "স্কুল অব ওয়ার্লড মিশন এণ্ড ইনস্টিটিউট অব চার্চ গ্রোথ" থেকে এম,এ ডিগ্রী লাভ করেছেন। ইভেলীন প্যাসাডেনা সিটি কলেজে পড়াশুনা করেছেন। ১৯৫৫ সাল থেকে তারা তাইওয়ানের বড় বড় শহরগুলিতে চীনাদের মধ্যে এবং পার্বত্য এলাকার উপজাতীয়দের মধ্যে সুসমাচার প্রচার ও মণ্ডলী স্থাপনের কাজে নিয়োজিত আছেন।

বোল্টনদের দুই মেয়ে, একজন নিউ জার্সির আলবিয়নের বাসিন্দা ডেভিড হুইটনের স্ত্রী শ্যাবন, এবং অপর জন উইসকনসিনের লা-ক্রস এর সহযোগী পালক উইলিয়াম কেলীর স্ত্রী মার্ভেল জয়।